

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-২
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০৪১.০০৩.২৪-২০৭

তারিখ : ০৯ আষাঢ় ১৪৩২
২৩ জুন ২০২৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৬-০৫-২০২৫ তারিখের ৮০.০০.০০০০.১১২.১২.০৩৪.২৪.৮৮ নং পত্রের সুপারিশ মোতাবেক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তরের নিম্নবর্ণিত ফিডার পদধারী কর্মকর্তাদ্বয়কে 'লাইব্রেরিয়ান' (১০ম গ্রেড) পদে পদোন্নতি প্রদানপূর্বক নিয়োগ প্রদান করা হলো:

ক্র/নং	জ্যেষ্ঠতার ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম, বেতনস্কেল ও গ্রেড
০১.	০১	জনাব মো: রমজান আলী লাইব্রেরি সহকারী	লাইব্রেরিয়ান ১৬,০০০-৩৮,৬৪০/-(১০ম গ্রেড)
০২.	০২	মিসেস নাসরিন আক্তার লাইব্রেরি সহকারী	লাইব্রেরিয়ান ১৬,০০০-৩৮,৬৪০/-(১০ম গ্রেড)

শর্তাবলী

- (ক) 'শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত ও শ্রম আপীল ট্রাইব্যুনাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২' এর বিধি ৭(১) অনুযায়ী তারা লাইব্রেরিয়ান পদে যোগদানের পর ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন।
- (খ) শিক্ষানবিসের মেয়াদ চলাকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাকে যে পদ হতে পদোন্নতি দেয়া হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করতে পারবে;
- (গ) শিক্ষানবিসের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ৭ নং বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাদের চাকরি স্থায়ী করা হবে।
- (ঘ) পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে পদোন্নতি কার্যকর হবে।
- (ঙ) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদ্বয় মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে যোগদানপত্র দাখিল করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

কামরুন নাহার
২৬-০৬-২০২৫

(কামরুন নাহার)
সহকারী সচিব

ফোন: ২২৩৩৫৪২৮৭

section10@mole.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা।
৩. উপদেষ্টার একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব-এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী/চট্টগ্রাম।
৯. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর।
১০. জনাব মো: রমজান আলী, লাইব্রেরি সহকারী, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহী।
১১. মিসেস নাসরিন আক্তার, লাইব্রেরি সহকারী, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম (সংযুক্ত: শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর)।
১২. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৩. যুগ্মসচিব (সংস্থাপন অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৪. অফিস কপি/গার্ড ফাইল।

২৩-০৬-২০২৫
(কামরুন নাহার)
সহকারী সচিব